# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

## "ইনোভেশন টিম" এর ২০১৯-২০ অর্থবছরে অনুষ্ঠিত ১১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ মসলেম উদ্দীন
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)।
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

স্থানঃ বাকেশি সভা কক্ষ।
তারিখঃ ১৮-০৬-২০২০ খ্রিঃ।
সময়ঃ ১১-৩০ ঘটিকা।

**সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ হলেনঃ**

| ক্রম | নাম ও পদবী | ইনোভেশন টিমে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ এনামুল হক<br>উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা, উন্নয়ণ ও মাঃ নিঃ)। | সদস্য | 18/6/2020 |
| ২. | জনাব এম. এম. মহিদুল ইসলাম<br>ব্যবস্থাপক (সমন্বয়)। | সদস্য | ১৮/০৬/2020 |
| ৩. | জনাব মোঃ মোজাহিদুর রহমান<br>সহকারী ব্যবস্থাপক (ভান্ডার)। | সদস্য | 18.06.2020 |

**আলোচ্য সূচীঃ**

১। ২০১৯-২০ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।

২। ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ণ কার্যক্রম পরিবীক্ষণ।

৩। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।

৪। বিবিধ।

আলোচ্য বিষয়-১: **২০১৯-২০ অর্থবছরের প্রনীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।**

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করা হয় এবং ২০১৯-২০ অর্থবছরে প্রণীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা হয়।

সভায় করোনাভাইরাস (কোভিড-১৯) বাংলাদেশসহ বিশ্বব্যাপী ব্যাপক বিস্তারে আক্রান্ত ও প্রাণহানী অনেক বৃদ্ধি পাওয়ায় সকলকে স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে কাজ করার আহবান জানানো হয়।

টিমের সদস্য উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা, উন্নয়ন ও মাঃনিঃ) জানান, বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতির মধ্যে সেবা সহজিকরণ হিসেবে "অনলাইন পেমেন্ট ব্যবস্থা", উদ্ভাবনী কার্যক্রম "Store Management Software" এবং নতুন ১টি ডিজিটাল সেবা কার্যকর হয়েছে।

প্রাতিষ্ঠানিক উন্নয়নে ইনোভেশন টিমের কর্মকান্ডের অংশ হিসেবে প্রতিষ্ঠানের কর্মপরিকল্পনার নিয়মিত মনিটরিং কাজ করা হচ্ছে। এক্ষেত্রে, ডাক্ট প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির জন্য নতুন ডাক্ট পাইপ তৈরীর মেশিন স্থাপনের কাজ শুরু হয়েছে। নতুন একটি উচ্চগতির ওএফসি সিথিং লাইন মেশিন সংগ্রহের লক্ষ্যে চীনা প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরপূর্বক এলসি খোলা হয়েছে।

বাকেশি ইনোভেশন টিমের সদস্যবৃন্দ জানান, প্রতিষ্ঠানের ভবিষ্যত উন্নয়নে উদ্ভাবনী ও সেবা সহজিকরণ কার্যক্রম অব্যাহত রাখা অত্যন্ত প্রয়োজন এবং টিম কর্তৃক অত্যন্ত আন্তরিকতার সাথে তা বাস্তবায়নে ভূমিকা রাখতে হবে। বাকেশি'র চলমান ইনোভেটিভ কার্মকান্ডের অংশ হিসেবে ইতোমধ্যে সেবা সহজিকরণ ও উদ্ভাবনী কর্মকান্ড উদ্বুদ্ধকরণ বিষয়ক ১(এক) দিন করে সেমিনার ও ২দিন করে প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করা হয়েছে।

এই ধারাবাহিকতা অব্যাহত রেখে প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে সকলের ঐক্যবদ্ধ অংশগ্রহণসহ সেবা সহজিকরণ ও উদ্ভাবনী আইডিয়া প্রদান ও বাস্তবায়নে ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে যেতে হবে।

আলোচ্য বিষয়-২ ও ৩: বিগত ৩০-০৬-২০১৯ খ্রিঃ তারিখে প্রণীত ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার পরিবীক্ষণ, বাস্তবায়ন অগ্রগতি ও মন্ত্রীপরিষদ কর্তৃক প্রনীত মূল্যায়ন কাঠামোর আলোকে ২০১৯-২০ এর বাকেশি'র বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতিসহ পরবর্তী কার্যক্রমের চিত্র নিম্নে বর্ণিত হলোঃ

| ক্রম | ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | উদ্ভাবনী ও সেরা সহজিকরণ বিষয়ক সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন ও তা বাস্তবায়ন। | নৈতিকতা ও শুদ্ধাচার চর্চা এবং ইনোভেশন সম্পর্কিত নতুন চিন্তা, চেতনা ও কৌশল নির্ধারণের জন্য নিয়মিত উদ্বুদ্ধকরণ কার্যক্রম।<br><br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | উদ্ভাবনী কর্মপরিকল্পনায় বর্ণিত উদ্ভাবনী ও সেবা সহজিকরণ সম্পর্কিত সেমিনার ও প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। |
| ২। | ১টি সেবা সহজিকরণ কার্যক্রম বাস্তবায়ন। | বাকেশি'র কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি উদ্ভাবনী উদ্যোগ উদ্ভাবন ও ১টি সেবা পদ্ধতি সহজিকরণে কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়ন।<br><br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | বর্তমানে এটি সন্তোষজনকভাবে চালু আছে এবং ক্রেতার সন্তুষ্টি অর্জনে সক্ষম হয়েছে। |
| ৩। | ১টি উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন কার্যক্রম। | বাকেশি'র কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি উদ্ভাবনী উদ্যোগ উদ্ভাবন ও ১টি সেবা পদ্ধতি সহজিকরণে কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়ন।<br><br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | বিগত ১৮-১২-২০১৯ খ্রিঃ তারিখে আফিস আদেশ জারির মাধ্যমে অত্র প্রতিষ্ঠানে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে "Store Management Software" চালু হয়েছে। |
| ৪। | ১টি নতুন ডিজিটাল সেবা তৈরী ও তা বাস্তবায়ন কার্যক্রম। | প্রতিষ্ঠানের কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি ডিজিটাল সেবা তৈরী ও তা বাস্তবায়ন কার্যক্রম পরিচালনা।<br><br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | **বিগত জানুয়ারি-২০২০ হতে নতুন ১টি ডিজিটাল সেবা বাকেশি ওয়েবসাইটে 'ডিজিটাল মিটিং নোটিশ বোর্ড' নামে চালু করা হয়েছে।** |

আলোচ্য বিষয়-৪: বিবিধ।

বর্ণিত উদ্ভাবনী কর্মপরিকল্পনাগুলির সক্রিয় বাস্তবায়নে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণ ও সহযোগীতা নিয়ে চলমান রাখা হয়েছে। কোন বিষয়ে পরামর্শ বা নির্দেশনার প্রয়োজন হলে টিম কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করছে।

**গৃহীত কর্মপরিকল্পনাগুলোর কার্যকরী বাস্তবায়নে আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ**

১। ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী সকল কার্যক্রমের সফল ও টেকসই বাস্তবায়নে ইনোভেশন টিমের সর্বাত্বক কার্যক্রম ও সহযোগীতা অব্যাহত রাখা।

২। নৈতিকতা ও শুদ্ধাচার চর্চায় মেধা বিকাশ ও মানিসকতার উন্নয়নে সকলকে উদ্যোমী ও উৎসাহিত করতে হবে।

৩। ইনোভেশন টিমের কার্যক্রমের সকল প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে সভার কার্যবিবরণী আপলোড করতে হবে।

৫। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা মেনে ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়নে ভূমিকা করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

18/06/2020
(মোঃ মসলেম উদ্দীন)
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
ইনোভেশন অফিসার।